17 APR 2017

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষা অফিস সহকারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

■ রফিক উদ্দিন বাবুল, উখিয়া (কক্সবাজার) সংবাদদাতা

উখিয়ায় প্রাথমিক শিক্ষা অফিসে নয় বছর ধরে কর্মরত অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর বশির আহমদের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। এ ব্যাপারে ১৪ জন ভুক্তভোগী শিক্ষক স্বাক্ষরিত লিখিত অভিযোগ উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদফতর, চট্টগ্রাম, স্থানীয় সংসদ সদস্যসহ প্রশাসনের বিভিন্ন দফতরে প্রেরণ করা হয়েছে বলে জানা গেছে।

অভিযোগে উল্লেখ করা হয়েছে, ওই অফিস সহকারী উখিয়া প্রাথমিক শিক্ষা অফিসে ২০০৯ইং সনে যোগদান করে। যোগদানের পর থেকে এ পর্যন্ত যতগুলো প্রাথমিক শিক্ষকের টাইম স্কেল ও ইবিক্রস হয়েছে তাদের কাছ থেকে জনপ্রতি ২/৩ হাজার টাকা আদায় করেছে। অতিসম্প্রতি উপজেলা লম্বরীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মুহিবুল্লাহ, নলবনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহ আলম ও কামারিয়ার বিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আলম, টাইম স্কেলের আবেদন করলে তাদের প্রত্যেকের নিকট থেকে ৫ হাজার ওই অফিস সহকারী আদায় করলেও বিলটি এখনো অনুমোদন প্রাপ্ত হয়নি।

এছাড়া ২০১৪ সালে টাইম স্কেল প্রাপ্ত ৩৮ জন শিক্ষক থেকে ২ হাজার টাকা, ২০১৫ সালে ২১ জন টাইম স্কেল প্রাপ্ত শিক্ষক থেকে জনপ্রতি ৩ হাজার টাকা আদায় করেছে অভিযুক্ত অফিস সহকারী বশির আহমদ। অভিযোগে আরো উল্লেখ করা হয়েছে, সম্প্রতি পেনশনে যাওয়া মাদারবনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কবির আহমদের ফাইল আটকে রেখে তার কাছ থেকে ২০ হাজার টাকা আদায় করা হয়েছে। একই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা চেমন বাহারকে প্রধান শিক্ষকে পদোন্নতির দেওয়ার কথা বলে ১০ হাজার টাকা ঘুষ গ্রহণ করেছে। তাছাড়া সদ্য জাতীয়করণকৃত শিক্ষকদের বকেয়া টাইম স্কেল অতি সুকৌশলে আটকে রেখে ৯৫ জন শিক্ষক থেকে জনপ্রতি ৩ হাজার টাকা করে ২ লাখ ৮৫ হাজার টাকা হাতিয়ে নিয়েছে ওই অফিস সহকারী। উপরোক্ত অভিযোগের সত্যতা যাচাই করতে অফিস সহকারী বশির আহমদের সঙ্গে মুঠোফোনে আলাপ করা হলে তিনি বলেন, তার বিরুদ্ধে উখিয়ার কতিপয় প্রাথমিক শিক্ষক উঠেপড়ে লেগেছে। এ ব্যাপারে উখিয়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুব্রত বড়ুয়া জানান, তিনি বশির আহমদের বিরুদ্ধে একটি অভিযোগ উত্থাপনের বিষয়টি জেনেছেন এবং তিনি ঘটনাটি স্থানীয়ভাবে মীমাংসা করার জন্য চেষ্টা করেছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..................................
তারিখ..................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর